



## নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

নগর ভবন, ১০ বঙ্গবন্ধু সড়ক  
নারায়ণগঞ্জ।  
[www.ncc.gov.bd](http://www.ncc.gov.bd)



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

তারিখ: ৫ অক্টোবর ২০২১

### প্রেস রিলিজ

আসসালামু আলাইকুম,

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন নগরবাসীর জীবন যাত্রার মান বৃদ্ধিকল্পে নগরীর ব্যাপক উন্নয়নের পাশাপাশি স্বাস্থ্য সেবায় যথেষ্ট গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে চলেছে। নগরীর মানুষকে যথাযথ প্রাথমিক স্বাস্থ্য সেবা প্রদানের নিমিত্ত সিটি কর্পোরেশন ২০১৩ সালে নগরীর বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে ০৩টি নগর স্বাস্থ্য কেন্দ্র ও ০১টি নগর মাতৃসদন স্থাপন পূর্বক নিয়মিত স্বাস্থ্যসেবা প্রদান করে যাচ্ছে। স্বাস্থ্য সেবার মান উন্নয়নে ইতোমধ্যে UNDP- FCDO, UNICEF, UNILIVER, FAO, SAVE THE CHILDREN ও মমতাময়ী নারায়ণগঞ্জ সহ বেশ কয়েকটি দেশি ও বিদেশি সহায়তাপুষ্ট সংস্থা নগরীতে কাজ করে যাচ্ছে। নগরীর অসহায় জনগোষ্ঠীর মধ্যে দুরারোগ্য, জটিল ও দীর্ঘস্থায়ী কিডনী রোগীদের সাশ্রয়ী ও কমমূল্যে ডায়ালাইসিস সেবা প্রদান করার মহৎ উদ্দেশ্যে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন ও সোনার বাংলা ফাউন্ডেশন, বাংলাদেশ এর যৌথ উদ্যোগে প্রতিষ্ঠা করা হয়েছে ১০ শয্যা বিশিষ্ট NCC-SBF কিডনী ডায়ালাইসিস সেন্টার।

গত ৪ এপ্রিল ২০২১ নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন ও সোনার বাংলা ফাউন্ডেশনের মাঝে সমঝোতা চুক্তি সম্পাদনের পর দীর্ঘ ০৬ মাস ব্যাপী তাদের যাবতীয় প্রস্তুতি শেষে আজ মঙ্গলবার নগরীর দেওভোগস্থ নগর স্বাস্থ্যকেন্দ্র-৩ এর ২য় ও ৩য় তলায় স্থাপিত ১০ শয্যা বিশিষ্ট NCC-SBF কিডনী ডায়ালাইসিস সেন্টারটির উদ্বোধনের উপযোগি করা হয়। অদ্য ০৫ অক্টোবর ২০২১ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় নগরবাসীর বহু প্রতিক্ষিত কিডনী ডায়ালাইসিস সেন্টারের শুভ উদ্বোধন করেন নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র ডা. সেলিনা হায়াৎ আইভী। মাননীয় মেয়র তাঁর বক্তব্যের শুরুতেই কৃতজ্ঞতা প্রকাশ করেন নারায়ণগঞ্জের কৃতি সন্তান সাবেক ব্যাংকার জনাব মোহাম্মদ হোসেন এর প্রতি। যিনি প্রথম তাঁর কাছে সোনার বাংলা ফাউন্ডেশন তথা NCC-SBF কিডনী ডায়ালাইসিস সেন্টার এর প্রস্তাবনা নিয়ে আসেন। তিনি আরও কৃতজ্ঞতা প্রকাশ করেন প্রবাসী ভাই-বোনদের প্রতি। যাদের আর্থিক সহযোগিতায় সোনার বাংলা ফাউন্ডেশন স্বাস্থ্যসেবায় তাদের এই মহতী উদ্যোগ বাস্তবায়ন করছে। প্রধান অতিথি তার বক্তব্যে চিকিৎসক সমাজের পাশাপাশি রাজনৈতিক ব্যক্তিত্ব ও সমাজের নেতৃত্ব স্থানীয় ব্যক্তিবর্গকে মানবতার কল্যাণে এগিয়ে আসার অনুরোধ করেন। উদ্বোধনী অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন সাবেক সচিব ও সোনার বাংলা ফাউন্ডেশনের প্রধান উপদেষ্টা জনাব হোসেন আরা বেগম এনডিসি, সোনার বাংলা ফাউন্ডেশনের কান্ট্রি ডিরেক্টর সাবেক অতিরিক্ত সচিব জনাব মোহাম্মদ ওয়াহিদ হোসেন এনডিসি, SBF এর ব্রান্ড অ্যান্ডাসেসডর জনপ্রিয় সঙ্গীত শিল্পী জনাব এস. আই. টুটুল, সোনার বাংলা ফাউন্ডেশনের সেক্রেটারি জেনারেল জনাব সাজ্জাদ রাশেদ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ আবুল আমিন, প্যানেল মেয়র-১ জনাব আফসানা আফরোজ সহ সিটি কর্পোরেশনের কাউন্সিলরবৃন্দ ও নগরীর সুধীজন। উল্লেখ্য প্রতিষ্ঠানটিতে কিডনী ডায়ালাইসিস সেবা, কিডনী ডিজিজ এন্ড প্রিভেনশন স্কিনিং সহ সচেতনতামূলক সেবা ও কিডনী রোগীদের প্রয়োজনীয় চিকিৎসা সেবা প্রদান করা হবে। এখানে নতুন ও পুরাতন রোগীদের মাত্র ১,৯০০/- টাকায় ডায়ালাইসিস করা যাবে। নারায়ণগঞ্জের সম্মানিত নাগরিকবৃন্দের এ ডায়ালাইসিস সেন্টারে স্বল্প খরচ ও সাশ্রয়ী মূল্যে ডায়ালাইসিস সেবা নেওয়ার জন্য আন্তরিকভাবে অনুরোধ করা হলো।

(মোঃ আবুল আমিন)  
প্রধান নির্বাহী কর্মকর্তা  
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।  
e-mail: [ceo@ncc.gov.bd](mailto:ceo@ncc.gov.bd)